দৈনিক
ইত্তেফাক

তারিখ 06 SEP 2016
পৃষ্ঠা ৭ ... কলাম ... ১

# নারানগিরি সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৭ শিক্ষকের মধ্যে ১৫ পদ শূন্য

■ কাপ্তাই (রাঙ্গামাটি) সংবাদদাতা

কাপ্তাই উপজেলার রাইখালীর নারানগিরি সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৭ জন শিক্ষকের মধ্যে আছেন মাত্র ১২ জন। শিক্ষকের পদ শূন্য আছে ১৫টি। অধিকাংশ শিক্ষক না থাকায় স্কুলের সার্বিক লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীরা গত রবিবার জানায়—স্কুলে পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, গণিত, ইংরেজি গুরুত্বপূর্ণ বিষয়ের কোনো শিক্ষক নেই। কমার্সের শিক্ষকের পদও শূন্য পড়ে আছে। নির্ধারিত বিষয়ের শিক্ষক না থাকায় স্কুলে নিয়ম মাফিক কোনো শিক্ষা কার্যক্রম চলছে না বলেও শিক্ষার্থীরা অভিযোগ করে।

এ ব্যাপারে জানতে চাইলে নারানগিরি সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আ ন ম আবদুস সবুর আনসারী শিক্ষক সংকটের কথা স্বীকার করে জানান—দীর্ঘ সময় ধরে স্কুলে গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষকের স্বল্পতা রয়েছে। প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের চাহিদা জানিয়ে তিনি একাধিকবার মন্ত্রণালয়ে লিখিত আবেদন করেছেন। তবে এখন পর্যন্ত কোনো সাড়া পাননি। সহসা শিক্ষক সংকট দূর না হলে ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় কাঙ্ক্ষিত ফল পাওয়া কঠিন হবে।

এ ব্যাপারে স্কুল পরিচালনা কমিটির সভাপতি ও কাপ্তাই উপজেলা নির্বাহী অফিসার তারিকুল আলম বলেন, 'আমি নামমাত্র সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছি। উর্ধ্বতন কর্তৃপক্ষ স্কুলের বিষয়ে কোনো সিদ্ধান্ত নেয়ার সময় উপজেলা নির্বাহী অফিসারকে কখনো অবহিত করে না। যখন-তখন স্কুল থেকে শিক্ষক অন্য স্কুলে ডেপুটেশনে নিয়ে যাওয়া হয়। এ ব্যাপারে আমাদের সাথে আগে আলোচনা করলে সুপরামর্শ দিতে পারতাম।'